দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 14 SEPTEMBER 2025 ,SUNDAY | ১৪ সেপ্টেম্বর ২০২৫ ,রবিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-393

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

## কোচবিহার স্টেশন সহ রেল মিউজিয়াম ঘুরে দেখলেন ডিআরএম



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার ,১৩ সেপ্টেম্বর : উত্তর পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার ডিভিশনের বিভাগীয় রেল ম্যানেজার বা ডি আর এম শনিবার কোচবিহার রেল স্টেশন পরিদর্শন করেন। পাশাপাশি তিনি রেল স্টেশনের পাশে গড়ে ওঠা রেল মিউজিয়ামটিও ঘুরে দেখেন। রেল কর্তাকে হাতের কাছে পেয়ে এদিন কোচবিহারের বিভিন্ন গণ সংগঠন এর পক্ষ থেকে দাবী জানানো হয় উত্তরবঙ্গ এক্সপ্রেস ট্রেনের স্টপেজ কোচবিহারে করবার জন্য। তাদের যুক্তি রাজার শহর কোচবিহারে রয়েছে রাজাদের স্মৃতি বিজড়িত রাজ প্রাসাদ, বহু রাজ কীর্তি,মদনমোহন মন্দির, মেডিক্যাল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও দর্শনীয় স্থান। এখানে ট্রেনটির স্টপেজ না থাকায় অনেক ভ্রমন কারী কোচবিহারকে এড়িয়ে যান। তাদের কোচবিহারে আসতে হলে পাঁচ কিলোমিটার দূরে নিউ কোচবিহারে নামতে হয়। কোচবিহার স্টেশনে স্টপেজ দিলে এলাকার পর্যটন শিল্প এক নুতন মাত্রা পাবে। ডি আর এম জানান লিখিতভাবে দাবি পেশ করা হলে তিনি বিষয়টি ভেবে দেখবেন।

## উৎসর্গ কর্মসূচি অনুসারে রক্তদান শিবির



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১৩ সেপ্টেম্বর : কোচবিহার জেলা পুলিশের বক্সিরহাট থানার উদ্যোগে শনিবার থানা চত্বরে আয়োজিত হয় উৎসর্গ কর্মসূচি অনুসারে স্বেচ্ছা রক্তদান শিবির। এদিন শিবিরের উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য। জানা গেছে সাধারন মানুষ ও পুলিশ কর্মীরা মিলে এদিন বাহাত্তর ইউনিট রক্ত দান করেন। পাশাপাশি এই অনুষ্ঠান মঞ্চ থেকে তেরোটি হারিয়ে যাওয়া মোবাইল ফোন যেগুলি মালিকদের অভিযোগের ভিত্তিতে বক্সিরহাট থানার পুলিশ সাম্প্রতিক সময়ে উদ্ধার করে সেগুলি প্রকৃত মালিকদের হাতে তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন তুফানগঞ্জ মহকুমা পুলিশ আধিকারিক মনোজ কুমার কান্বেধারা, বক্সিরহাট থানার ভারপ্রাপ্ত আধিকারিক সহ অন্যান্য পুলিশ কর্মীরা। এদিন হারানো মোবাইল ফেরত পেয়ে মালিকদের চোখে মুখে ছিলো আনন্দের ঝিলিক।তারা পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।

## বক্সা পাহাড়ে প্লাস্টিক সহ আবর্জনা সাফাই করলেন মন্ত্রী



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৩ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলার বক্সা পাহাড়ে রয়েছে ঐতিহাসিক বক্সা দুর্গ। এখানে সারা বছর বহু পর্যটক আসেন। বক্সা পাহাড় কে প্লাস্টিক মুক্ত করতে সম্প্রতি শুরু হয়েছে অভিযান। এই অভিযান শুরু করা হয়েছে মিশন নির্মল বাংলা প্রকল্পে। শনিবার মিশন নির্মল বাংলা অভিযানে আসেন রাজ্যের কৃষি বিপনন মন্ত্রী বেচারাম মান্না। তিনি এদিন নিযে প্লাস্টিক সহ বিভিন্ন আবর্জনা সাফাই করেন। স্থানীয় বাসিন্দারা এলাকার রাস্তা নির্মান, বন্ধ প্রাথমিক চিকিৎসা কেন্দ্র পুনরায় চালু সহ এক গুচ্ছ দাবি মন্ত্রীকে জানান। পাহাড়ে কৃষি কাজের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহনের ও দাবি জানানো হয়। মন্ত্রী জানান তিনি সংশ্লিষ্ট দপ্তর গুলির সাথে কথা বলে সমস্যা সমাধানে উদ্যোগী হবেন বলে বাসিন্দাদের আশ্বস্ত করেন।

## নিকাশি নালা নেই ,জল জমে থাকে রাস্তায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ সেপ্টেম্বর : নিকাশি নালা নেই তাই বৃষ্টি হলেই জল জমে থাকে পাকা রাস্তার উপরে। দিনের পর দিন রাস্তার উপর জল জমে থাকায় যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালের সীমানা প্রাচীর ভেঙ্গে পড়ার সম্ভাবনা রয়েছে। শনিবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ দেখা গেল প্রচন্ড বৃষ্টির পরেই জল জমে রয়েছে পাকা রাস্তার উপরে। উল্লেখ্য আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের যশোডাঙ্গা হাই স্কুলের ছাত্র-ছাত্রীরা এই পথ দিয়েই যাতায়াত করেন রোদ বৃষ্টি বর্ষায়। প্রশাসনিক ব্যর্থতার জেরেই নিকাশি নালা তৈরি হয়নি এর ফলে হাসপাতালে সীমানা প্রাচীর থেকে শুরু করে যশোডাঙ্গা হাই স্কুলের সীমানা প্রাচীরের পাশেই দীর্ঘ সময় ধরে জল জমে থাকে।

# পারোকাটায় পুলিশের অভিযান, গ্রেপ্তার তিনজন বাইক সহ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ সেপ্টেম্বর : ৩১ নম্বর জাতীয় সড়কের পারোকাটা এলাকায় অভিযান চালিয়ে শনিবার রাত সাড়ে নটা নাগাদ তিনজনকে গ্রেপ্তার করেছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। আটক করা হয়েছে তাদের সঙ্গে থাকৌ তিনটি বাইক। মদ খেয়ে গাড়ি চালানোর অপরাধে তাদেরকে গ্রেপ্তার করা হয়েছে জানিয়েছেন শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক। পূজোর প্রাক্কালে জাতীয় সড়কে দুর্ঘটনা কমাতে প্রতিনিয়তই চলছে পুলিশের অভিযান। পণ্যবাহী গাড়ি থেকে শুরু করে বিলাস বহুল গাড়ি সহ বাইক চালকদের তল্লাশি করা হয় মদ খেয়ে গাড়ি চালান কিনা। মদ খেয়ে গাড়ি চালানোর অপরাধে গত দু'মাসে প্রায় ২৫ টি গাড়ি আটক সহ গাড়িচালকদের বিরুদ্ধে মোটা অংকের জরিমানা জমা দিতে হয়েছে সরকারি কোষাগারে। আর এর ফলেই একত্রিশ নম্বর জাতীয় সড়কে দুর্ঘটনা অনেকটাই কমে গেছে।

# পারিবারিক বিবাদের ঘটনায় গ্রেপ্তার একজন



মলয় দেবনাথ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ সেপ্টেম্বর : পারিবারিক মারপিটের ঘটনায় শামুকতলা থানার টটপাড়া দুই গ্রাম পঞ্চায়েতের বিন্দি পাড়া থেকে গ্রেপ্তার এক ব্যক্তি কে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হয়েছে জানা গেছে শামুকতলা থানার পুলিশের পক্ষ থেকে শনিবার বেলা দুটা নাগাদ। শামুকতলা থানার বিন্দি পাড়া এলাকায় পারিবারিক বিবাদের জেরে দিলু দাসের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন তার পরিবারের সদস্যরা। অভিযোগের পরিপ্রেক্ষিতে তাকে গ্রেফতার করা হয়েছে। শনিবার বেলা দুটা নাগাদ তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে নিয়ে আসা হয়েছে।

# বারবিশায় পথ-দুর্ঘটনায় গুরুতর জখম হলেন স্কুটি চালক এক যুবতী




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৩ সেপ্টেম্বর : কুমারগ্রাম ব্লকের বারবিশায় পথ-দুর্ঘটনায় গুরুতর জখম হলেন এক যুবতী। ওই যুবতীর নাম অপর্ণা সরকার। বারবিশার দক্ষিণ রামপুর গ্রামে তার বাড়ি। শনিবার বিকেল নাগাদ পাওয়া খরবে জানা গিয়েছে, কোচবিহারের একটি বেসরকারি হাসপাতালে ওই যুবতী চিকিৎসাধীন রয়েছেন। শুক্রবার রাতে বারবিশা চৌপথী সংলগ্ন এলাকায় কুমারগ্রাম-জোড়াই রাজ্য সড়কের জোড়াইগামী সড়কে পথ-দুর্ঘটনাটি ঘটে। একটি ট্রাক্টর রাস্তার পাশে দাঁড়িয়ে ছিল। সেসময় পাথর-বোঝাই একটি ডাম্পার ট্রাক্টরটিকে ওভারটেক করতে যায়। ওই যুবতী স্কুটিতে চেপে জোড়াইয়ের অভিমুখে যাচ্ছিলেন। সে ট্রাক্টর ও ডাম্পারের মাঝে পড়ে যায়। স্থানীয়রা গুরুতর জখম অবস্থায় ওই যুবতীকে উদ্ধার করে হাসপাতালে পাঠান। দুর্ঘটনায় অপর্ণা সরকারের একটি হাত ক্ষতিগ্রস্ত হয়েছে। বারবিশা ফাঁড়ির পুলিশ ডাম্পার ও ট্রাক্টর আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে।

# মহাকাল ধামের মেলার শেষ প্রস্তুতি খতিয়ে দেখলেন পুলিশ অফিসার গণ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ সেপ্টেম্বর : শেষ মুহূর্তের প্রস্তুতি খতিয়ে দেখলেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে শামুকতলা থানার ট্রাফিক ও সি বাবলু রায় ভাটিবাড়ী ফাঁড়ির ওসি দীপায়ন সরকার শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক সহ পুলিশ আধিকারিকরা। রাত পোহালেই মহাকাল ধামের মেলা। লক্ষাধিক লোকের সমাবেশ হয় এই মেলাতে। শতাধিক পুলিশ কর্মী থাকবে ভক্তবৃন্দের নিরাপত্তার জন্য। ঐতিহ্যবাহী মহাকাল ধামের মেলা উপলক্ষে বেশ কয়েকদিন যাবত প্রস্তুতি চলছে। ভোর তিন থেকেই পুণ্যার্থীদের ঢল নামে তাদের মানত করা পাঠা কবুতর ঠাকুরের নামে উৎসর্গ করার জন্য। কথিত আছে কোচবিহারের মহারাজা একসময় এই মহাকাল ধামের শিবলিঙ্গ তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করেছিলেন। মেলা কমিটির সম্পাদক খোকন রায় জানিয়েছেন লক্ষাধিক লোকের সমাবেশ হয় এই মেলাতে। একসময় ধারশি নদী এই মন্দিরকে গ্রাস করার জন্য মন্দিরের কিনারে চলে এসেছিল কিন্তু জাগ্রত মন্দির থাকায় নদী পরবর্তী সময়ে মন্দির থেকে অনেক দূরে চলে যায়।

# নিরাপত্তার দায়িত্বে থাকা সিভিকের সাইকেল চুরি ,ভাঙলো দোকানের তালা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ সেপ্টেম্বর : ব্যবসায়ীদের নিরাপত্তার জন্য দুজন সিভিক ভলেন্টিয়ার মোতায়ন করা হয়েছিল যশোডাঙ্গা বাজারে। নিরাপত্তার নামে দোকানের বারান্দায় ঘুমিয়ে ছিলেন সিভিক ভলেন্টিয়াররা আর তাদের সাইকেল চুরি করে নিয়ে গেছে দুষ্কৃতী এমন ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে যশোডাঙ্গা বাজার এলাকায়। শনিবার বেলা দশটা নাগাদ এমনটাই জানা গেছে যশোডাঙ্গা বাজারে গিয়ে ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে। শনিবার গভীর রাতেই ব্যবসায়ী ব্যবসায়ী অসিত দের দোকানের তালা ভেঙ্গে গ্যাস সিলিন্ডার নিয়ে গেছে দুষ্কৃতীরা। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে এক রাতেই খাটাজানি চৌপথী এলাকায় অর্জুন সরকারের মিষ্টির দোকান থেকে গ্যাস সিলিন্ডার নিয়ে গেছে দোকানের জানালা ভেঙ্গে। যশোডাঙ্গা বাস স্ট্যান্ড সংলগ্ন এলাকার বাসিন্দা কৃপেশ দাসের টোটোর ব্যাটারি চুরি হয়ে গেছে। খাটাজানি এলাকার ব্যবসায়ীদের কাছ থেকেই জানা গেছে গত পরশুদিন রাতে মানিক রায়ের চায়ের দোকান থেকে গ্যাস সিলিন্ডার নিয়ে গেছে দুষ্কৃতীরা। দূর্গা পূজার প্রাক্কালে ব্যবসায়ীদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে নিরাপত্তা রক্ষীর সাইকেল চুরির ঘটনার পরেই। এলাকার বাসিন্দারা ক্ষোভ প্রকাশ করেছেন পুলিশের বিরুদ্ধে। প্রশাসনিক দপ্তরের সঙ্গে যুক্ত সিভিক ভলেন্টিয়ার এর সাইকেল চুরির পর ব্যবসায়ীদের থেকে শুরু করে আমজনতা নিরাপত্তা কতটুকু আছে তাই নিয়ে জল্পনা শুরু হয়েছে এলাকায়।

# স্বাস্থ্য কেন্দ্রের জন্য বরাদ্দ দেড় কোটি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ সেপ্টেম্বর : দেড় কোটি টাকা বরাদ্দ করা হয়েছে স্বাস্থ্য কেন্দ্রের উন্নয়নের জন্য আর এমন খবরে খুশি এলাকার বাসিন্দারা। আলিপুরদুয়ার বিধানসভার শাল কুমার হাট - ১ গ্রাম পঞ্চায়েত এলাকায় মুন্সীপাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রকে ১০ বেডের স্বাস্থ্য কেন্দ্রে পরিণত করবার জন্য রাজ্য স্বাস্থ্য দপ্তর প্রায় দেড় কোটি টাকা বরাদ্দ করেছে। বিধানসভায় এই বিষয়টিকে একাধিক বার তুলে ধরার পর অবশেষে অনুমোদন দেওয়া হয়েছে। রাজ্যের মুখ্যমন্ত্রী কে ধন্যবাদ জানিয়েছেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল। শনিবার ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ ভাস্কর সেনকে নিয়ে পরিদর্শন করা হয়েছে স্বাস্থ্য কেন্দ্রটি। দেড় কোটি টাকা অনুমোদনের ফলে উপকৃত হবেন এলাকার বাসিন্দারা।

# পূজার প্রাক্কালে আলিপুরদুয়ারে আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার তিনজন




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ সেপ্টেম্বর : গোপন খবরের ভিত্তিতে আলিপুরদুয়ার সমাজপাড়ার তিনজনকে গ্রেপ্তার করেছে আলিপুরদুয়ার জেলা পুলিশ এমনটাই জানা গেছে আলিপুরদুয়ার জেলা পুলিশের কাছ থেকে শনিবার রাত আটটা নাগাদ। আলিপুরদুয়ার জেলার এসডিপিও শ্রীনিবাস এমপি সাংবাদিক সম্মেলন করে জানিয়েছেন বীরপাড়া আইটি আই মোড়ে গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে একটা আগ্নেয়াস্ত্র সহ গুলি ও উদ্ধার করা হয়েছে। পাপ্পু মাহাতো সহ আরো দুইজন কে গ্রেপ্তার। কোচবিহার থেকে আসার পথে তাদের গ্রেপ্তার করা হয়েছে। শনিবার বিকালে তারা তিনজন পায়ে হেঁটে আলিপুরদুয়ার সমাজ পাড়ার দিকে আসছিলেন। জেলা পুলিশের কাছে আগে থেকেই খবর ছিল তাই তারা অভিযান চালানোর জন্য রাস্তায় দাঁড়িয়ে ছিলেন। তিনজনের বয়স ১৮ বছর এর উপরে। রবিবার তাদেরকে আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হবে। পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ শুরু করেছে।

# ফিরে পাওয়া কর্মসূচি অনুসারে একত্রিশটি হারিয়ে যাওয়া মোবাইল ফোন উদ্ধারের পর প্রকৃত মালিকদের ফিরিয়ে দিলো পুলিশ



নিজস্ব সংবাদদাতা,এই যুগ, কোচবিহার, ১৩ সেপ্টেম্বর : ফিরে পাওয়া কর্মসূচি অনুসারে শনিবার কোচবিহার জেলা পুলিশ সুপার এর অফিসে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য একত্রিশটি হারিয়ে যাওয়া মোবাইল ফোন প্রকৃত মালিকদের হাতে তুলে দেন। তিনি জানান সম্প্রতি হারিয়ে যাওয়া মোবাইল ফোনের মালিকদের অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত করে এই মোবাইল ফোনগুলি উদ্ধার করে। তারপর বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে প্রকৃত মালিকদের শনাক্ত করে। শনাক্তকরনের পর এদিন তাদের ডেকে মোবাইল ফোন গুলি তাদের হাতে তুলে দেওয়া হয়।হারিয়ে যাওয়া মোবাইল ফোন ফেরত পেয়ে প্রকৃত মালিকদের মুখে ছিলো আনন্দের ঝিলিক। তারা পুলিশের এই উদ্যোগকে ধন্যবাদ জানান।

# সেনাবাহিনীর তিনটি গাড়ি দুর্ঘটনার কবলে পড়ল




মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,১৩ সেপ্টেম্বর : অটোমেটিক সিগন্যাল ব্যবস্থায় পড়ে ক্ষতিগ্রস্ত হলো একটি গাড়ি দুর্ঘটনার কবলে পড়লো সেনাবাহিনীর তিনটি গাড়ি ঘটনাটি ঘটেছে শনিবার কুমারগ্রাম ব্লকের তেলিপাড়া চৌপথীতে ৩১ নম্বর সি জাতীয় সড়কে । জানা গিয়েছে, দুর্ঘটনায় কেউ আহত হননি। তবে সেনাবাহিনীর একটি গাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। জানা গিয়েছে, এদিন সেনাবাহিনীর গাড়ি গুলি জাতীয় সড়ক ধরে সারিবদ্ধভাবে অসমের দিকে যাচ্ছিল। তেলিপাড়া চৌপথীতে সিগন্যাল বন্ধ হয়ে যাওয়ার কারণে পেছনে দিকে থাকা সেনাবাহিনীর একটি গাড়ি আচমকাই দাঁড়িয়ে পড়ে। পেছনে ছিল সেনাবাহিনীর আরও দু'টি গাড়ি। ফলে তিনটি গাড়ি একে অপরকে পরপর ধাক্কা মারে। যদিও তিনটি গাড়িতে থাকা সেনাবাহিনীর জওয়ানরা অক্ষত রয়েছেন। তবে একটি গাড়ির সামনের অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। এই ঘটনার জেরে এলাকায় চাঞ্চল্য ছড়ায়।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |